

তারিখ: ০৪ জুন, ২০২৩

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৩/০৭৭

অফিস বিজ্ঞপ্তি

সামার-২০২৩ সেমিস্টারে (বাই-সেমিস্টার) চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদান

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সামার-২০২৩ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদানের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের সময়সীমা: ১৬ জুলাই হতে ২০ জুলাই, ২০২৩ তারিখ পর্যন্ত সকল সেমিস্টারের শিক্ষার্থী রিটেক ও ইমপ্রভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। যে সকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে ২০ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হলে রেজিস্ট্রেশন করার কোন সুযোগ থাকবে না।

- পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান: ২৬ জুলাই, ২০২৩ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক (মার্কেটাইল/এনসিসি ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে। রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।
- জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৭ আগস্ট, ২০২৩
- জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ১১ অক্টোবর, ২০২৩
- জরিমানা ব্যতীত ৩য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৩ ডিসেম্বর, ২০২৩

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): ০৭ আগস্ট, ২০২৩ তারিখের পরে ১ম কিস্তির টাকা; ১১ অক্টোবর, ২০২৩ তারিখের পরে ২য় কিস্তির টাকা এবং ০৩ ডিসেম্বর, ২০২৩ তারিখের পরে ৩য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি দিনের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

ক্লাস শুরু: ১৬ জুলাই, ২০২৩ তারিখ (রবিবার)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সুরঞ্জিত মন্ডল


রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় উপ-উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি



তারিখ: ০৪ জুন, ২০২৩

স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৩/০৭৮

অফিস বিজ্ঞপ্তি
ফ্রি স্টুডেন্টশীপ-সামার ২০২৩ (বাই-সেমিস্টার)

শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে প্রতি সেমিস্টারে ৩% দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফের সুবিধা বা ফ্রি স্টুডেন্টশীপ দেওয়া হয়ে থাকে।

সামার-২০২৩ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ১৬.০৭.২০২৩ থেকে ১৭.০৭.২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীরা Student Panel এ Waiver Application অপশনে ক্লিক করে আবেদনপত্রের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করবে। Submit করার পরে কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবে না। স্প্রিং-২০২৩ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং ফ্রি স্টুডেন্টশীপ প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

* স্প্রিং-২০২৩ থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য: সকল বিভাগের ক্ষেত্রে: ন্যূনতম জিপিএ - ৩.৫০

* ফল-২০২২ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্ট্রবিজ্ঞান: ন্যূনতম জিপিএ - ৩.০০

খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই, ফার্মেসি: ন্যূনতম জিপিএ - ৩.২৫

বিভাগীয় প্রোগ্রাম অফিসকে আগামী ১৯.০৭.২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকার হার্ডকপি (বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর কর্তৃক স্বাক্ষরিত) ও সফট কপি রেজিস্ট্রার অফিসে প্রেরণ করতে হবে।

আগামী ২৪.০৭.২০২৩ তারিখ বিকাল ৫ টায় ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সুরঞ্জিত মন্ডল

রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় উপ-উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি

VARENDRA UNIVERSITY

H-529/1, Kazla, Motihar, Rajshahi-6204, Bangladesh
Permanent Campus: Lalitahar (Kharkhari Bypass Road), Paba, Rajshahi.
Tel: +880 2588867274, Cell: 01730 406501-4, IP Phone: +8809677601070
e-mail: info@vu.edu.bd web: www.vu.edu.bd